দৈনিক সংবাদ

101

তারিখ MAR. 6. 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৪

# শতাব্দীর ছায়াপথে এডওয়ার্ড কলেজ

॥ হাবিবুর রহমান স্বপন ॥

পাবনা শহরে উৎসবের আমেজ বিরাজ করছে। পাবনাবাসীর গর্ব এডওয়ার্ড কলেজ। ১৮৯৮ সালে প্রতিষ্ঠিত এডওয়ার্ড কলেজের শতবর্ষপূর্তি উপলক্ষে ৫ দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানমালা শুরু আজ ৬ই মার্চ। অনুষ্ঠানমালার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সাজ সাজ রব পড়ে গেছে সমগ্র শহরময়। প্রাক্তন ছাত্রছাত্রীদের মিলন মেলা হবে ১০ই মার্চ পর্যন্ত। বর্তমান ছাত্রছাত্রী এবং শিক্ষক-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানমালা সুন্দর ও সুচারু রূপে সম্পন্ন করার জন্য রাতদিন পরিশ্রম করছেন। গঠন করা হয়েছে অধ্যক্ষ আবদুর রউফকে সভাপতি করে বিশাল উদযাপন পরিষদ। ১৬টি উপ-পরিষদ গঠন করা হয়েছে। ব্যাপক এই অনুষ্ঠানমালার প্রধান পৃষ্ঠপোষক, ডাক, তার, গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী মোঃ নাসিম ও পৃষ্ঠপোষক তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদ। কলেজের এই দু' প্রাক্তন ছাত্র সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন যাতে সর্বাঙ্গীণ সুন্দর হয় সকল আয়োজন।



নতুন সাজে সজ্জিত এডওয়ার্ড কলেজের প্রশাসনিক ভবন — সংবাদ



ছাত্রীরা উৎসবকে সার্থক করার জন্য রং–তুলি হাতে কাজ করছে — সংবাদ

কলেজের বিজ্ঞান ভবন চত্বরে জনসাধারণের দর্শনার্থে ৬০/৭০টি স্টল স্থাপন করা হয়েছে। স্টলগুলোতে থাকবে বই, হস্তশিল্প এবং নানাবিধ সামগ্রী।

মূল অনুষ্ঠান হবে ডঃ জোহা ছাত্রাবাস এবং শহীদ আবদুস সাত্তার মিলনায়তন প্রাঙ্গণে। নির্মিত হচ্ছে (৪০X২০) বিশাল মঞ্চ। মঞ্চ ও সাজসজ্জা উপ-পরিষদের আহ্বায়ক অধ্যাপক আবদুল মান্নান তালুকদার জানান, কলেজ আঙ্গিনা সুসজ্জিত করার কাজে রয়েছেন তিমির হায়দার, বিপ্লব ভৌমিক, শামীম, বাসুদেব বিশ্বাস ও রেহানা পারভীন।

কলেজ আঙ্গিনায় নানা রঙের ফেস্টুন, প্লাকার্ড ইত্যাদি স্থাপন করা হচ্ছে। এর একটিতে কবিতার চরণমালা ঃ এই মহুয়ার ছায়াতলে/ কতো স্মৃতির জোনাক জ্বলে/ শতাব্দীর এই বন্ধন চির অক্ষয় হোক।

উদযাপন পরিষদের সমন্বয়কারী অধ্যাপক মোঃ সোলায়মান মিয়া জানান, এ অনুষ্ঠানমালাকে সার্থক সুন্দর করে তোলার জন্য বিভিন্ন উপ-পরিষদের সদস্য এবং আহ্বায়কবৃন্দ ঐকান্তিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্মৃতিচারণ নিয়ে অনুষ্ঠানগুলো সুসজ্জিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন শতবর্ষ উদযাপন কমিটির সভাপতি প্রফেসর মোহাম্মদ আবদুর রউফ। অধ্যক্ষ মোঃ কুতুবউদ্দিন জানান, শতবর্ষপূর্তি উৎসবের ব্যাপক কর্মকাণ্ডের মধ্যে আমরা সবাই আত্মনিয়োগ করেছি। তিনি জানান, এ উপলক্ষে অধ্যাপক মনোয়ার হোসেন জাহেদী সম্পাদিত একটি স্মরণিকা প্রকাশ করার কাজ প্রায় সমাপ্তির পথে।

অধ্যাপক জাহেদী নিজ উদ্যোগে "শতাব্দীর ছায়পথে এডওয়ার্ড কলেজ" নামক একটি ২০৮ পৃষ্ঠার বই প্রকাশ করেছেন। প্রাক্তন ছাত্র, শিক্ষক ও বর্তমান ছাত্র-ছাত্রীদের জন্য খেলাধুলার আয়োজন চলছে। এই উপ-পরিষদের আহ্বায়ক অধ্যাপক প্রমথেশ চন্দ্র সেন জানান, খেলাধুলার মধ্যে থাকবে টেনিস, ক্রিকেট, ফুটবল ও ভলিবল।

বর্তমানে কলেজে রয়েছে ১২টি বিষয়ে অনার্স কোর্স। প্রতিটি বিভাগ থেকে আলাদা আলাদা স্মরণিকা প্রকাশিত হবে বলে জানা গেছে।

চিকিৎসা উপ-পরিষদের অন্যতম সদস্য ডাঃ রামদুলাল ভৌমিক বললেন, পাবনাবাসীর গর্ব এডওয়ার্ড কলেজের জন্য এটি একটি যুগান্তকারী ঘটনা।

উৎসব উদযাপন কমিটির সদস্য সচিব অধ্যাপক শিবজিৎ নাগ বললেন, এডওয়ার্ড কলেজের বর্তমান ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-কর্মচারীরা গর্বিত।